# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 19 April, 2025

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম মুখ্য সমন্বয়ক রাফিদ এম ভূঁইয়া পদত্যাগ করেছেন। বৃহস্পতিবার (১৭ এপ্রিল) রাতে তিনি দলের অস্থায়ী কার্যালয়ের দপ্তর সেলে পদত্যাগপত্রটি জমা দিয়েছেন।

শনিবার (১৯ এপ্রিল) দুপুরে তিনি পদত্যাগের বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন।

তিনি বলেন, 'আমি ব্যক্তিগত কারণে পদত্যাগ করেছি।গত ১৭ এপ্রিল রাতে পদত্যাগপত্রটি দপ্তর সেলে জমা দিয়েছি।'

তবে রাফিদ এম ভূঁইয়ার পদত্যাগের বিষয়ে এখনো আনুষ্ঠানিকভাবে কিছু জানায়নি এনসিপি।

এদিকে শুক্রবার (১৮ এপ্রিল) বিকেলে রাজধানীর উত্তরায় আওয়ামী লীগের মিছিলকে কেন্দ্র করে ফেসবুকে পোস্ট দেন রাফিদ।পোস্টে তিনি লেখেন, 'এয়ারপোর্টে আজ যে মিছিল হলো সেটার পিছে অন্তত গত ৩ মাস ধরে কাজ করা হইছে।এই মিছিলগুলা যাতে হতে না পারে সেজন্য আমরা সবাই অনেক কাজ করছি।রাতের আঁধারে কেউ গ্রাফিতি আঁকলেও তাকে আইডেন্টিফাই করা, উত্তরার কোথায় থাকে, ফান্ডিং কে দেয়- সব বের করছি।'

ফেসবুকে ভাইরাল সেই ছবি নিয়ে মুখ খুললেন হান্নান মাসউদ

'কিন্তু ওদের এগেইনস্টে (বিপক্ষে) কিছু করা যায় নাই।প্রশাসন তো হেল্পফুল না- এটা একটা ব্যাপার।তবে প্রশাসন যাতে ঠিকমতো কাজ না করতে পারে সেজন্য উত্তরবঙ্গের দুই নেতা

(একজন আবার অভ্যুত্থানের মহানায়ক ক্যান্ডিডেট) অ্যাকটিভলি কাজ করছে।লোকাল ছাপড়িদের নিয়ে টাকা খেয়ে পুনর্বাসন করছে।ওই টাকা আবার রবিনহুডের মতো গরিবদের ঈদ বাজার করে নিজের প্রচারণা চালিয়েছে।

তিনি আরও লিখেছেন, 'গতকাল ওই ছাপড়ি গ্যাংয়ের একজন এক ব্যবসায়ীকে অপহরণ করে ধরা পড়ার পর ঠিকই তদবির করতে দুই নেতার একজনের নাম ভাঙেয়ে কল দিছে বাগছাসের এক নেতা।

রাফিদ লেখেন, এটাই বাস্তব।'রাজনীতি করতে টাকা লাগবে', 'এদের একটা পলিটিক্যাল এস্টাবলিশমেন্ট আছে ওইটা ধরতে হবে', 'আরে ব্যবসায়ী তো সবার সাথেই গুড রিলেশন' বলে আওয়ামীদের সেইভ দেওয়া হবে যাতে মিছিল লম্বা হয়।

পদত্যাগ রাজনীতি জাতীয়-নাগরিক-পার্টি ফেসবুক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:21

URL: https://www.timestodaybd.com/public/national/5890831062